

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১০১০২
আগরতলা, ১৮ মার্চ, ২০২৩

মাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক পরীক্ষায় আজ মাধ্যমিক (নতুন সিলেবাস)-র বাংলা, হিন্দি, ককবরক, মিজো, মাদ্রাসা আলিম (নতুন সিলেবাস)-র আরবি, বাংলা পরীক্ষা অনুষ্ঠিত হয়। রাজ্যের মোট ৭৭টি মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের সবকয়টি পরীক্ষাকেন্দ্রের অবস্থা শান্তিপূর্ণ ছিল। আজকের পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার জন্য কোনও পরীক্ষার্থীকে বহিষ্কার করার সংবাদ পাওয়া যায়নি। আজ মাধ্যমিক ও মাদ্রাসা আলিম নতুন সিলেবাসের ইংরেজি পরীক্ষায় ৩৭১২৩ জন পরীক্ষার্থী ছিল। তারমধ্যে ছাত্র ১৭৪৫০ ও ছাত্রী ১৯৬৭৩ জন। সারা রাজ্যে পরীক্ষায় বসেছিল ৩৬৭৯৯ জন পরীক্ষার্থী। তার মধ্যে ছাত্র ১৭৩২১ ও ছাত্রী ১৯৪৭৮ জন। অনুপস্থিতির সংখ্যা ছাত্র ১২৯ ও ছাত্রী ১৯৫ জন। ছাত্রছাত্রীর উপস্থিতির শতকরা হার ৯৯.১৩ শতাংশ। পর্ষদ সভাপতি ড. ভবতোষ সাহা আজ রেশমবাগান উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, পল্লীমঙ্গল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, রাণীগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, রাণীরবাজার উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় চৌধুরীবাড়ি উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, বীরেন্দ্রনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, চম্পকনগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং পর্ষদ উপসচিব শুভাশিস চৌধুরী সিপাহীজলা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, বিশালগড় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, চড়িলাম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, অফিসটিলা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষাকেন্দ্রগুলি পরিদর্শন করেন।
